# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৪৩) তাকদীরে আযালী তথা চিরস্থায়ী তাকদীর কাকে বলে?

উত্তরঃ চিরস্থায়ী তাকদীর সম্পর্কে আল্লাহ্ তাআলা বলেনঃ

مَا أَصَابَ مِنْ مُصِيبَةٍ فِي الأَرْضِ وَلاَ فِي أَنْفُسِكُمْ إِلاَّ فِي كِتَابٍ مِنْ قَبْلِ أَنْ نَبْرَأَهَا

‘‘পৃথিবীতে এবং তোমাদের শরীরে এমন কোন বিপদ আপতিত হয় না, যা সৃষ্টি করার পূর্বেই একটি কিতাবে লিপিবদ্ধ রাখি নি’’। (সূরা হাদীদঃ ২২) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(كَتَبَ اللَّهُ مَقَادِيرَ الْخَلاَئِقِ قَبْلَ أَنْ يَخْلُقَ السَّمَوَاتِ وَالأَرْضَ بِخَمْسِينَ أَلْفَ سَنَةٍ قَالَ: وَعَرْشُهُ عَلَى الْمَاءِ)

‘‘আল্লাহ্ তাআলা আসমান ও যমীন সৃষ্টির পঞ্চাশ হাজার বছর পূর্বে সমস্ত মাখলুকের তাকদীর লিখে দিয়েছেন। তাঁর আরশ পানির উপরে’’।[1] তিনি আরো বলেনঃ

(إِنَّ أَوَّلَ مَا خَلَقَ اللَّهُ الْقَلَمَ فَقَالَ: لَهُ اكْتُبْ قَالَ: رَبِّ وَمَاذَا أَكْتُبُ قَالَ: اكْتُبْ مَقَادِيرَ كُلِّ شَيْءٍ حَتَّى تَقُومَ السَّاعَةُ)

‘‘আল্লাহ্ তাআলা কলম সৃষ্টি করে সর্বপ্রথম তাকে বললেনঃ লিখ। কলম বললঃ হে আমার প্রতিপালক! কী লিখব? আল্লাহ্ বললেনঃ কিয়ামত পর্যন্ত আগমণকারী প্রতিটি বস্ত্তর তাকদীর লিখ’’।[2] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবু হুরায়রাকে লক্ষ্য করে বলেনঃ

(يا أبا هريرة جَفَّ الْقَلَمُ بِمَا هُوَ كَائِنٌ)

‘‘হে আবু হুরায়রা! পৃথিবীতে যা সৃষ্টি হবে তা লিখার পর কলমের কালি শুকিয়ে গেছে।[3] অর্থাৎ সবকিছু লিখা হয়ে গেছে।

ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল কাদ্র।

[2] - তিরমিযী, অধ্যায়ঃ আবওয়াবুল কাদ্র। তিরমিযী বলেনঃ হাদীছটি হাসান গরীব। তবে ইমাম আলবানী (রঃ) সহীহ বলেছেন। দেখুন সিলসিলা সহীহাঃ (১/৩০৭) আল্লাহর আরশ পানির উপরে থাকার অর্থ হলো সাত আকাশের উপরে রয়েছে পানি। আর সেই পানির উপর আল্লাহর আরশ। এখনও আরশ স্বীয় অবস্থানেই রয়েছে।

[3] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল কাদর।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11957

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন